

ইবিতে যোগ্যতা থাকা সত্ত্বেও সংখ্যালঘু শিক্ষককে চেয়ারম্যানশিপ দেয়া হয়নি

ইবি সংবাদদাতা ॥ কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক দীপক কুমার পালকে বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব না দিয়ে রোটেশন পদ্ধতি ভঙ্গ করে নতুন রেকর্ড সৃষ্টি করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শিক্ষক সমিতির কয়েক সদস্য বিষয়টিকে 'সংখ্যালঘু নির্যাতন' বলে আখ্যা দিয়েছেন। ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ড্রম আলাউদ্দিন অত্যন্ত ক্ষোভের সাথেই বলেছেন, 'বিষয়টি 'সংখ্যালঘু নির্যাতন'ই নয়, শিক্ষকদের বৈধ পাওনার ওপর ক্ষত্রের আফসোসও বটে। কোন কারণ ছাড়াই বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটিউট ভঙ্গ করে সভাপতির পদ থেকে বরখাস্ত করার তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছেন প্রগতিশীল শিক্ষকদের গ্রুপ শাপলা ফোরাম। ইতোমধ্যে শিক্ষক সমিতির সাধারণ সভায় দীপক পালের উপযুক্ত পদ ফিরিয়ে দেয়ার দাবি জানানো হয়েছে।